

রাবিতে ছাত্র রাজনীতি নিষিদ্ধ

রাবি সংবাদমত

ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার স্বার্থে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসন সকল প্রকার রাজনৈতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন কার্যক্রমে নিষেধাজ্ঞা আরোপ করে যে নীতিমালা প্রণয়ন করেছে তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট রাবি শাখা। গত বুধবার সংগঠনের সভাপতি অসীম চক্রবর্তী ও সাধারণ সম্পাদক রোকসানা পারভীন লিপি খৌঁস বিবৃতিতে এ প্রতিবাদ জানান। বিবৃতিতে উল্লেখ করা হয়, ১০ মার্চ ছাত্রলীগ-ছাত্রশিবিরের মধ্যকার সন্ত্রাসী কর্মকাণ্ডে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকাল বন্ধ থাকার পর প্রশাসন ছাত্র-ছাত্রীদের নিয়ম-শৃংখলা সম্পর্কিত যে পরিপত্র প্রকাশ করেছে, তার অধিকাংশ অংশই ছাত্রদের গণতান্ত্রিক অধিকার হরণ এবং বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতাসনকে বর্ধ করেছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা শুধুমাত্র পাঠ্যক্রমের মধ্যেই সীমাবদ্ধ না থেকে এর পাশাপাশি বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক কর্মকাণ্ডে গঠনমূলক অংশগ্রহণ করে থাকে। বিবৃতিতে অতীতের সতল নৈতিক ছাত্র আন্দোলনের ইতিহাসকে কু-স্মৃতি করে বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্র রাজনীতি বন্ধের যে চক্রান্ত করছে তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে প্রণীত এই নীতিমালা প্রত্যাহারের আহ্বান জানানো হয়।